কালের কণ্ঠ

22 MAY 2017

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আরো ছয়টি বিষয় চালু হচ্ছে

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম ▷

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চারটি অনুষদে নতুন করে আরো ছয়টি বিভাগ যুক্ত করার সিদ্ধান্ত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় বিষয়টি পাস হয়েছে। এখন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুমতি পেলেই ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে বিভাগগুলোর শিক্ষা কার্যক্রম শুরু হতে পারে। সেই হিসাবে বিশ্ববিদ্যালয়ে আগের ৪৩টিসহ সর্বমোট বিভাগ হবে ৪৯টি।

বিশ্ববিদ্যালয়ের (ভারপ্রাপ্ত) রেজিস্ট্রার অধ্যাপক ড. কামরুল হুদা কালের কণ্ঠকে জানান, নতুনভাবে যুক্ত হতে যাওয়া ছয়টি বিভাগ হচ্ছে সমাজবিজ্ঞান অনুষদের অধীনে দুই বিভাগ ডেভেলপমেন্ট স্টাডিজ ও পুলিশ সায়েন্স অ্যান্ড ক্রিমিনোলজি, ইঞ্জিনিয়ারিং অনুষদের দুই বিভাগ ম্যাটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ও ইরফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, কলা ও মানববিদ্যা অনুষদে ডিপার্টমেন্ট অব বাংলাদেশ স্টাডিজ এবং ব্যবসায় প্রশাসন অনুষদের অধীনে ইনস্যুরেন্স অ্যান্ড রিচ ম্যানেজমেন্ট নামের একটি বিষয়। এর মধ্যে গত ১৮ এপ্রিল ডিপার্টমেন্ট অব বাংলাদেশ স্টাডিজ নামের বিষয়টি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কতটুকু যুগোপযোগী, তা তদন্ত করে গেছে ইউজিসির চার সদস্যের একটি দল।

এদিকে বিজ্ঞান অনুষদের অ্যাপ্লাইড ফিজিকসের নাম পরিবর্তন করে দেওয়া হচ্ছে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং (ইইই)।

অধ্যাপক ড. কামরুল হুদা আরো বলেন, একাডেমিক কাউন্সিলের সভায় বিশ্ববিদ্যালয়ের নতুন ছয়টি বিভাগ ও একটি বিভাগের নাম পরিবর্তন করার সিদ্ধান্ত নেওয়া হয়। পরে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সভায় পাস হয়। বর্তমানে ইউজিসির কাছে কাগজপত্র পাঠানো হয়েছে। ইউজিসি অনুমোদন দিলেই ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এসব বিষয়ে শিক্ষা কার্যক্রম শুরু হবে।